




**কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প**  
**কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি**  
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**

**আগামী ২০ মে, ২০২০ ভোরে ঘূর্ণিঝড় উপকূল এলাকা অতিক্রম করতে পারে, এক্ষেত্রে সম্ভাব্য দুর্যোগপূর্ণ**  
**আবহাওয়ার প্রেক্ষিতে বিশেষ কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ**

বাগেরহাট, বান্দরবান, বরগুনা, বরিশাল, ভোলা, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ফেনী, গোপালগঞ্জ, যশোর, বালকাঠি, খাগড়াছড়ি, খুলনা, লক্ষ্মীপুর, মাদারীপুর, মুন্সীগঞ্জ, নড়াইল, নোয়াখালী, পটুয়াখালী, পিরোজপুর, রাংগামাটি, সাতক্ষীরা ও শরিয়তপুর জেলার জন্য প্রযোজ্য)

প্রকাশের তারিখ: ১৬/০৫/২০২০



**দুর্যোগপূর্ণ এলাকায় সম্ভাব্য বৃষ্টিপাতের পরিমাণ**

উপরিলিখিত ২৫ টি জেলায় আগামী ১৯-২১ মে, ২০২০ ঘূর্ণিঝড়ের কারণে ঝড়ো হাওয়া এবং হালকা থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দন্ডায়মান ফসলের উপর ঝড়ো হাওয়া এবং ভারী বৃষ্টিপাত প্রভাব ফেলতে পারে। ঘূর্ণিঝড়ের ক্ষতির হাত থেকে ফসলকে রক্ষার জন্য নিম্নোক্ত জরুরি কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ দেয়া হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে ফেলুন।
- ২। সংগ্রহ করা ফসল পরিবহন না করা গেলে মাঠে গাদা করে পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন যেন ঝড়ো হাওয়া ও ভারী বৃষ্টিপাতের কারণে ক্ষতি না হয়।
- ৩। দ্রুত পরিপক্ব সবজি ও ফল সংগ্রহ করে ফেলুন।
- ৪। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
- ৫। দন্ডায়মান ফসলকে পানির স্রোত থেকে রক্ষার জন্য বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।
- ৬। নিক্লাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৭। খামারজাত সকল পণ্য নিরাপদ স্থানে রাখুন।
- ৮। আখের ঝাড় বেঁধে দিন, কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৯। পুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।
- ১০। গবাদি পশু ও হাঁসমুরগী শূকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
- ১১। মৎস্যজীবীদের সমুদ্রগমন থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হলো।

❖ পরবর্তীতে এই বিশেষ কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ হালনাগাদ করা হবে।